

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৫

২/ সালাত (নামায) (১ সালাত (১ স

পরিচ্ছেদঃ মাগরিবের পূর্বে সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ قَبْلَ الْمَغْرِبِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ كَهْمَسِ بْنِ الْحَسَنِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَة، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَقَّلٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قال "بَيْنَ كُلِّ أَذَانَيْنِ صَلَاةٌ لِمَنْ شَاءً ". وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَقَّلٍ حَدِيثٌ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَقَّلٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدِ اخْتَلَفَ أَصْحَابُ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي الصَّلاَةِ قَبْلَ الْمَغْرِبِ فَلَمْ يَرَ بَعْضُهُمُ الصَّلاَةَ قَبْلَ الْمَغْرِبِ . وَقَدْ رُويَ عَنْ غَيْرِ وَاحِدِ مِنْ أَصْحَابُ النَّبِيِّ صلى الله عليه وسلم في الصَّلاَةِ قَبْلَ الْمَغْرِبِ فَلَمْ يَرَ بَعْضُهُمُ الصَّلاَةَ قَبْلَ الْمَغْرِبِ . وَقَدْ رُويَ عَنْ غَيْرِ وَاحِدِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُمْ كَانُوا يُصَلُّونَ قَبْلَ صَلاَةِ الْمَغْرِبِ رَكْعَتَيْنِ بَيْنَ الأَذَانِ وَالْإِقَامَةِ . وَقَالَ أَحْمَدُ وَإِسْحَاقُ إِنْ صَلاَهُمَا فَحَسَنٌ . وَهَذَا عِنْدَهُمَا عَلَى الْاسْتِحْبَابِ .

বাংলা

১৮৫. হান্নাদ (রহঃ) আবদুল্লাহ ইবনু মুগাফফাল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, প্রতেক দুই আযান (আযান ও ইকামত) এর মাঝে সালাত রয়েছে যদি কেউ তা করতে চায়। - ইবনু মাজাহ ১১৬২, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু যুবায়র রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত রয়েছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। মাগরিবের পূর্বে সালাত সম্পর্কে সাহাবীদের মধ্যে মতবিরোধ রয়েছে। তাঁদের কেউ কেউ মাগরিবের পূর্বে সালাত জায়েয বলে মনে করেন না। [ইমাম আবূ হানীফা (রহঃ) এর অভিমত ও এ-ই]। পক্ষান্তরে একধিক সাহাবী থেকে বর্ণিত আছে যে, তাঁরা মাগরিবের আযান ও ইকামতের মাঝে দুই রাকাআত সালাত আদায় করতেন। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) বলেন এই দুই রাকআত আদায় করা ভাল। এই দুই রাকাআত সালাত তাঁদের নিকট মুস্ভাহাব।

English



Abdullah bin Mughaffal narrated that :

the Prophet said: "Between every two calls (to prayer) there is a Salat for whoever wills."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন